

# সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩১৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৪৮১]

৩৮/ যুলম ও কিসাস (کتاب المظالم)

পরিচ্ছেদঃ ১৫৫৮, যদি কেউ অন্য কারুর পিয়ালা বা কোন জিনিস ভেঙ্গে ফেলে

باب إِذَا كُسَرَ قَصِعْةً أَقْ شَيْئًا لِغَيْرِهِ

### আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيد، عَنْ حُمَيْد، عَنْ أُنسٍ ـ رضى الله عنه ـ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ عِنْدَ بَعْضِ نِسَائِهِ، فَأَرْسَلَتْ إِحْدَى أُمَّهَاتِ الْمُؤْمِنِينَ مَعَ خَادِمٍ بِقَصِعْةٍ فِيهَا طَعَامٌ فَضَرَبَتْ بِيَدِهَا، فَكَسَرَتِ الْقَصِعْةَ، فَضَمَّهَا، وَجَعَلَ فِيهَا خَادِمٍ بِقَصِعْةٍ فِيهَا طَعَامٌ فَضَرَبَتْ بِيدِهَا، فَكَسَرَتِ الْقَصِعْةَ، فَضَمَّهَا، وَجَعَلَ فِيهَا الطَّعَامُ وَقَالَ " كُلُوا ". وَحَبَسَ الرَّسُولَ وَالْقَصِعْةَ حَتَّى فَرَغُوا، فَدَفَعَ الْقَصِعْةَ الْقَصِعْةَ وَحَبَسَ الْمَكْسُورَة. وَقَالَ ابْنُ أَبِي مَرْيَمَ أَخْبَرَنَا يَحْيَى بْنُ أَيُّوب، حَدَّتَنَا حُمَيْد، حَدَّثَنَا حُمَيْد، حَدَّثَنَا أَنسٌ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم.

#### বাংলা

২৩১৯। মুসাদ্দদ (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত যে, একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর কোন সহধর্মিণীর কাছে ছিলেন। উম্মুল মু'মিনীনদের অপর একজন খাদিমের মারফত এক পাত্রে খাবার পাঠালেন। তিনি তার হাতের আঘাতে পাত্রটি ভেঙ্গে ফেলেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা জোড়া লাগিয়ে তাতে খাবার রাখলেন এবং (সাথীদেরকে) বললেন, তোমরা খাও। যে পর্যন্ত তাঁরা খাওয়া শেষ না করলেন, সে পর্যন্ত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পাত্রটি ও প্রেরিত খাদেমকে আটকিয়ে রাখলেন। তারপর তিনি ভাঙ্গা পাত্রটি রেখে দিয়ে একটি ভাল পাত্র ফেরত দিলেন।

ইবনু আবৃ মারয়াম (রহঃ) ... আনাস (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে।

## **English**

#### Narrated Anas:

While the Prophet ( ) was with one of his wives, one of the mothers of the believers (i.e. one of his wives) sent a wooden bowl containing food with a



servant. The wife (in whose house he was sitting) stroke the bowl with her hand and broke it. The Prophet () collected the shattered pieces and put the food back in it and said, "Eat." He kept the servant and the bowl till he had eaten the food. Then the Prophet gave another unbroken. bowl to the servant and kept the broken one.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন